



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সমবায় অধিদপ্তর
প্রচার ও প্রকাশনা শাখা
এফ- ১০, আগারগাঁও সিভিক সেক্টর, ঢাকা-১২০৭।
www.coop.gov.bd

স্মারক নং- ৪৭.০৬১.০০০০.০৪৬.২৩.০০৩.২৪. ১৭৬

তারিখ: ২৪/০৮/২০২৪।


বিষয়ঃ জাতীয় সমবায় পুরস্কার ২০২৩ এর জন্য শ্রেষ্ঠ সমবায় সমিতি ও শ্রেষ্ঠ সমবায়ী মনোনয়নের সময় বৃদ্ধি সংক্রান্ত।

সূত্র: সমবায় অধিদপ্তরের স্মারক নং: ৪৭.০৬১.০০০০.০৪৬.২৩.০০৩.২৪.১৪৭ (৮); তারিখ: ২৪/০৭/২০২৪।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, অনিবার্য কারণবশত জাতীয় সমবায় পুরস্কার ২০২৩ প্রদানের নিমিত্ত মাঠ পর্যায়ে শ্রেষ্ঠ সমবায় সমিতি ও শ্রেষ্ঠ সমবায়ী মনোনয়ন প্রেরণের সময়সীমা নিম্নোক্তভাবে বৃদ্ধি করা হলোঃ

১. উপজেলা কমিটি জাতীয় সমবায় পুরস্কার নীতিমালা ২০২৪ এর ৬নং অনুচ্ছেদ দফা ৬.১ অনুযায়ী আবেদন ফরমের মাধ্যমে আবেদনকৃত সমবায় সমিতি ও সমবায়ী মনোনয়নের জন্য আগামী ২০/০৮/২০২৪ তারিখের মধ্যে প্রাথমিক বাছাই সম্পন্ন করবে এবং সমবায় সমিতি ও সমবায়ীর তথ্য মূল্যায়ন হকে পূরণপূর্বক পরবর্তী ধাপের জন্য প্রস্তুতি গ্রহণ করবে।
২. উপজেলা কমিটি বাছাই কাজ সম্পন্ন করে আগামী ২৯/০৮/২০২৪ তারিখের মধ্যে ২০২৩ সনের জন্য মনোনীত শ্রেষ্ঠ সমবায় সমিতি ও শ্রেষ্ঠ সমবায়ীর তালিকা জেলা কমিটির নিকট প্রেরণ নিশ্চিত করবে;
৩. জেলা কমিটি বাছাই কাজ সম্পন্ন করে আগামী ১০/০৯/২০২৪ তারিখের মধ্যে উল্লিখিত বছরের মনোনীত শ্রেষ্ঠ সমবায় সমিতি ও শ্রেষ্ঠ সমবায়ীর তালিকা বিভাগীয় কমিটির নিকট প্রেরণ নিশ্চিত করবে;
৪. বিভাগীয় কমিটি বাছাই কাজ সম্পন্ন করে আগামী ২৫/০৯/২০২৪ তারিখের মধ্যে সমবায় অধিদপ্তরের মাধ্যমে জাতীয় কমিটির বরাবরে মনোনীত শ্রেষ্ঠ সমবায় সমিতি ও শ্রেষ্ঠ সমবায়ীর তালিকা (০৫) পাঁচ প্রস্ত প্রেরণ নিশ্চিত করবে।

সংযুক্ত: শ্রেষ্ঠ সমবায় সমিতি ও শ্রেষ্ঠ সমবায়ীর মূল্যায়ন হক।


মোঃ শরিফুল ইসলাম
নিবন্ধক ও মহাপরিচালক
ফোন: ৪৮১১৯৩০৫
reg.dg@coop.gov.bd

যুগ্মনিবন্ধক

বিভাগীয় সমবায় কার্যালয়, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/
সিলেট/বরিশাল/রংপুর/ময়মনসিংহ বিভাগ।

আওতাধীন ও সংশ্লিষ্ট সকল দপ্তরকে
অবহিত করার অনুরোধসহ।

জ্ঞতার্থে ও কার্যার্থে অনুলিপি:

১. সচিব, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. যুগ্মনিবন্ধক (গবেষণা ও এম.আই.এস), সমবায় অধিদপ্তর, ঢাকা। তাঁকে জারিকৃত পত্রটি সমবায় অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধ করা হলো।